দৈনিক
ইত্তেফাক

তারিখ ...18 JUN 2016...
পৃষ্ঠা ...7... কলাম ...2...

# সোনাইমুড়ীতে বাড়িতে ঢুকে কলেজছাত্রকে গুলি করে হত্যা

## তিনজন গুলিবিদ্ধ হয়ে হাসপাতালে

■ চাটখিল ও সোনাইমুড়ী (নোয়াখালী) সংবাদদাতা

নোয়াখালীর সোনাইমুড়ী উপজেলার বটগাঁও গ্রামে গত বৃহস্পতিবার গভীর রাতে বাড়িতে ঢুকে আসিফ উদ্দিন নামে এক কলেজছাত্রকে গুলি করে হত্যা করেছে একদল সন্ত্রাসী। এ সময় সন্ত্রাসীদের প্রতিরোধ করতে গিয়ে গুলিবিদ্ধ হয়ে আহত হয়েছেন মনির হোসেন (২২), বেলাল হোসেন (২৭) ও সুজন (২৫)। এদের মধ্যে মনির হোসেনের অবস্থা আশঙ্কাজনক। তিনি নোয়াখালী সদর হাসপাতালে চিকিৎসাধীন। নিহত আসিফ উদ্দিন বটগাঁও গ্রামের শাহাবুদ্দিন মাস্টারের ছেলে এবং নোয়াখালী বিশ্ববিদ্যালয় কলেজের গণিত বিভাগের সম্মান ২য় বর্ষের ছাত্র।

জানা গেছে, বৃহস্পতিবার সন্ধ্যায় আসিফের ছোট ভাই শাওনের মোবাইল ফোন ছিনিয়ে নেয় দক্ষিণ আবিরপাড়া গ্রামের বখাটে দুই ভাই শাহেদ ও শান্ত। শাওনের মোবাইল ফোন ছিনিয়ে নেয়ার সময় তার চিৎকারে আসিফ এবং স্থানীয় লোকজন ঘটনাস্থলে গিয়ে সন্ত্রাসী শাহেদ ও শান্তকে পিটুনি দেয়। এ ঘটনার জের ধরে শাহেদ ও শান্ত ৮/১০ জন অস্ত্রধারী সন্ত্রাসীকে সঙ্গে নিয়ে গভীর রাতে আসিফের বাড়িতে আসে। এরপর তারা ঘরের দরজা ভেঙে ঢুকে অস্ত্রের মুখে সবাইকে জিম্মি করে। আসিফের বুকে পিস্তল ঠেকিয়ে গুলি করে শাহেদ ও শান্ত। এতে ঘটনাস্থলেই মারা যায় আসিফ। এলাকার লোকজন হামলাকারীদের প্রতিরোধের চেষ্টা করলে এলোপাতাড়ি গুলিতে তিনজন গুরুতর আহত হন।

এদিকে ছেলের শোকে অসুস্থ হয়ে পড়া আসিফের মা হাসিনা আক্তারকে নোয়াখালী সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। গতকাল শুক্রবার সকালে শাহেদ ও শান্তর বাড়িতে অভিযান চালিয়ে গোলা বারুদ উদ্ধার পৃষ্ঠা ১৯ কলাম ৩

## সোনাইমুড়ীতে বাড়িতে ঢুকে

প্রথম পৃষ্ঠার পর

করেছে পুলিশ। জেলা গোয়েন্দা পুলিশের ওসি আতার রহমান জানান, দক্ষিণ আবিরপাড়া গ্রামের জাফরের বাড়িতে অভিযান চালিয়ে একটি এলজি ও হাতবোমা তৈরির সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। তবে জাফরের ছেলে শাহেদ ও শান্ত পালিয়ে যাওয়ায় পুলিশ তাদের গ্রেফতার করতে পারেনি। সোনাইমুড়ী থানার অফিসার ইনচার্জ কাজী হানিফুল ইসলাম জানান, ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেফতারে অভিযান চলছে।